



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
জনসংযোগ দপ্তর  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

তারিখঃ ২৬ মার্চ, ২০২১ খ্রিঃ

## রুয়েটে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন

আজ (শুক্রবার) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১। দিবসটি যথাযোগ্য মর্যাদায় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পালন করে। সূর্যোদয়ের সাথে সাথে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ও হলসমূহে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর সকালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ও মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে কেন্দ্রীয় শহীদ মিনার ও কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন করেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)-এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। এরপর মহান মুক্তিযুদ্ধে রুয়েটের শহীদদের সমাধিস্থলে শহীদদের স্মরণে ১ মিনিট নিরবতা পালন ও দোয়া অনুষ্ঠিত হয়। এরপর সকাল ৯.৩০ টায় রুয়েট শহীদ মিনার প্রাঙ্গণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে বৃক্ষরোপন করেন রুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। সকাল ৯.৪০ টায় শারীরিক শিক্ষা বিভাগের খেলার মাঠে স্বাধীনতার সুবর্ণজয়ন্তি উপলক্ষে ফেশ্টুন উড়ান রুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। সকাল ৯.৪৫ টায় শারীরিক শিক্ষা বিভাগে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র/ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে যথাক্রমে হাডি ভাঙ্গা, গোলবার টার্গেট ও বল নিক্ষেপ খেলাধুলা প্রতিযোগিতার উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। এরপর সকাল ১১.০০ টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি করেন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ রবিউল আওয়াল। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। এছাড়াও আরো বক্তব্য রাখেন অত্র বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন, ইসিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ জহরুল ইসলাম সরকার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মিয়া মোঃ জসলুল সাদত, রুয়েট অফিসার্স এসোসিয়েশনের সহ-সভাপতি মোঃ রোকনুজ্জামান, রুয়েট ছাত্রলীগের সভাপতি নাজিম রহমান নিবিড় এবং কর্মচারী সমিতির সভাপতি মহিদুল ইসলাম মোস্তফা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুরকৌশল বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ইনচার্জ ড. মোঃ আলী হোসেন, উপ-পরিচালক ছাত্রকল্যাণ আবু সাঈদ, কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক মোঃ আব্দুল্লাহ আল মামুন শূভ সহ বিভাগীয় প্রধান, শাখা প্রধান, হল প্রভোস্টবন্দ প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপ-পরিচালক ছাত্রকল্যাণ মোঃ মামুনুর রশিদ। আলোচনা সভা শেষে খেলাধুলা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। বাদ জুম্মা রুয়েট কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক-

*M. Rahman*

(আ.ফ.ম. মাহমুদুর রহমান)

জুনিয়র সেকশন অফিসার

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৭-৩৫৭৪৩৬



